তারিখ 11 JUN 2017
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

সংবাদ

# অবৈধ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে সতর্কতা

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাস ও প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এছাড়াও সংস্থাটি বিদেশি কোনো বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টারে ভর্তির ক্ষেত্রেও একইভাবে সাবধান থাকতে ছাত্রছাত্রী ও অভিভাবকদের পরামর্শ দিয়েছে। এ বিষয়ে একটি গণবিজ্ঞপ্তি জারি করেছে কমিশন।

ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখার কর্মকর্তারা জানান, 'অননুমোদিত বিশ্ববিদ্যালয় বা ক্যাম্পাসে কোনো ছাত্রছাত্রী ভর্তি হয়ে যাতে প্রতারিত না হয় সেজন্য এ পদক্ষেপ। এরপরও কেউ যদি চিহ্নিত বিশ্ববিদ্যালয় বা তার ক্যাম্পাসে ভর্তি হয়, তাহলে তার দায়দায়িত্ব সরকারের নয়।' দেশে বিদেশি কোনো বিশ্ববিদ্যালয়ের অনুমোদনও এখন পর্যন্ত সরকার দেয়নি জানিয়ে ওই কর্মকর্তা বলেন, 'তাই শিক্ষার্থীরা যেন এ ধরনের কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হয়, সে পরামর্শও আমাদের থাকবে।'

গণবিজ্ঞপ্তিতে ইউজিসি বলছে, দেশের বেশকিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় অননুমোদিত ক্যাম্পাস ও প্রোগ্রাম পরিচালনা করছে মর্মে কমিশনের দৃষ্টিগোচর হয়েছে। এছাড়া বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব রয়েছে এবং পরস্পরের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করে স্টে-অর্ডার নিয়ে পরিচালিত হচ্ছে। ইতিমধ্যে কমিশন ওইসব বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করছে। গত বছরের শেষে এক আরেক গণবিজ্ঞপ্তিতে ইউজিসি দেশের ১১ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে সতর্ক থাকতে বলা হয়েছিলো। ১১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৬টি ক্যাটাগরি তুলে ধরা হয়। এর মধ্যে একটি ক্যাটাগরি হচ্ছে আউটার ক্যাম্পাস পরিচালনাকারী। ইউজিসির গণবিজ্ঞপ্তিতে বলা হয়, কমিশনের ওয়েবসাইটে সরকার ও কমিশন কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা এবং অনুমোদিত প্রোগ্রামের নাম আপলোড করা আছে। যেকোনো বিভ্রান্তি এড়াতে শিক্ষার্থীদের কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd) দেখার পরামর্শ দেয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশের এখন পর্যন্ত কোন বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা/ক্যাম্পাস/স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার অনুমতি শিক্ষা মন্ত্রণালয় বা কমিশনের পক্ষ থেকে দেয়া হয়নি। এই পরিস্থিতিতে এ ধরনের কোনো উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে প্রতারণার শিকার না হওয়ার জন্যও শিক্ষার্থীদের সতর্ক থাকতে বলা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর